# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২০২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৯৭]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৩: ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করার গুরুত্ব

(23) ـ باب الأمر بالمعروف والنهي عن المنكر

আরবী

عَنْ أَبِي بَكرٍ الصِّدِّيقِ رضي الله عنه، قَالَ : يَا أَيُّهَا النَّاسُ، إنّكُم لتَقرَؤُون هَذِهِ الآيَة : ﴿ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ عَلَيۡكُمۡ أَنفُسَكُمۡۖ لَا يَضُرُّكُم مَّن ضَلَّ إِذَا ٱهۡتَدَيۡتُمۡۚ ﴾ [المائدة: ١٠٥] وَإِنّي سَمِعتُ رَسُولَ الله صلى الله عليه وسلم يَقُولُ: «إِنَّ النَّاسَ إِذَا رَأَوُا الظَّالِمَ فَلَمْ يأخُذُوا عَلَى يَدَيْهِ أوشَكَ أنْ يَعُمَّهُمُ اللهُ بِعِقَابٍ مِنْهُ». رواه أَبُو داود والترمذي والنسائي بأسانيد صحيحة

বাংলা

১৪/২০২। আবূ বকর সিদ্দীক রাদিয়াল্লাহু 'আনহু বলেন, 'হে লোক সকল! তোমরা এই আয়াত পড়ছ, ''হে মু'মিনগণ! তোমাদের আত্মরক্ষা করাই কর্তব্য। তোমরা যদি সৎপথে পরিচালিত হও তবে যে পথভ্রষ্ট হয়েছে সে তোমাদের কোন ক্ষতি করতে পারবে না।'' (সূরা মায়েদাহ ১০৫ আয়াত) কিন্তু আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, ''যখন লোকেরা অত্যাচারীকে (অত্যাচার করতে) দেখবে এবং তার হাত ধরে না নেবে, তখন আল্লাহ তা'আলা তাদের সকলকে (আমভাবে) তার শাস্তির কবলে নিয়ে নেবেন।''[1]

## English

(23) Chapter: Enjoining Good and forbidding Evil

Abu Bakr As-Siddiq (May Allah bepleased with him) reported:
"O you people! You recite this Verse: 'O you who believe! Take care of your ownselves. If you follow the (right) guidance [and enjoin what is right (Islamic Monotheism and all that Islam orders one to do) and forbid what is wrong (polytheism, disbelief and all that Islam has forbidden)] no hurt can come to you from those who are in error.' (5:105) But I have heard Messenger of Allah (ﷺ) saying: "When people see an oppressor but do not prevent him from (doing evil), it is likely that Allah will punish them all."

[Abu Dawud and At-Tirmidhi].

## ফুটনোট

[1] আবূ দাউদ ৪৩৩৮, আহমাদ ১, ১৭, ৩০, ৫৪, (আবূ দাউদ, তিরমিযী, নাসায়ী, সহীহ সনদ সূত্রে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22537

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন